


“অফিস আদেশ”

বিদ্যুৎ বিভাগের ২০২০-২১ অর্থবছরের বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনায় [১২.১.১] নং সূচকে “সেবা সহজিকরণের পাইলটিং বাস্তবায়নের অফিস আদেশ জারিকৃত” এবং বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA) এর এম ২.৩.১ নং সূচকে “একটি নতুন সহজিকৃত সেবা অধিক্ষেত্রে বাস্তবায়িত” লক্ষ্যমাত্রা আছে। বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ ও বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/ কোম্পানি হতে ইস্যুকৃত পত্রসমূহ (জনগুরুত্বপূর্ণ ও সময়বদ্ধ) গ্রহণ ও প্রেরণ শাখায় এসে পৌঁছায়। গ্রহণ ও প্রেরণ শাখা প্রাপ্ত পত্রসমূহ সচিব মহোদয়ের দৈনন্দিন ডাক ফাইলে প্রেরণ করা হয়। সচিব মহোদয়ের সদয় অবলোকনের পর ডাক অতিরিক্ত সচিব, যুগ্মসচিব, উপসচিব অথবা যুগ্মসচিব, উপসচিব হয়ে শাখায় যায় ফলে সর্বোচ্চ ২/৩ দিন সময় লাগে। পরবর্তিতে শাখা হতে কার্যক্রম গ্রহণ করা হয়। এর মাঝে সময়বদ্ধ কার্যক্রমের নির্দিষ্ট তারিখ অতিবাহিত হয়ে যায়।

২। এখন থেকে বিভিন্ন মন্ত্রণালয়/ বিভাগ ও বিদ্যুৎ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানি হতে ইস্যুকৃত পত্রসমূহ (জনগুরুত্বপূর্ণ ও সময়বদ্ধ) গ্রহণ ও প্রেরণ শাখায় পৌঁছানোর পর যেসকল পত্রসমূহ জনগুরুত্বপূর্ণ ও সময়বদ্ধ হিসেবে প্রতিয়মান হয় সেসকল পত্রসমূহ ছায়ালিপি/স্ক্যান করে স্ব স্ব শাখায় পৌঁছানোর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ফলে পত্রের চাহিত তথ্যাদি/ নির্দেশনা যথাযথভাবে প্রতিপালন করা সম্ভব হবে। পাশাপাশি নিয়ম অনুযায়ী সচিব মহোদয়ের সদয় অবলোকনের জন্য প্রেরণ করবে। এর ফলে গ্রহণ ও প্রেরণ শাখা হতে স্ব স্ব শাখায় পত্র প্রাপ্তির সময় ২ দিনের স্থলে তাৎক্ষণিক/১ দিনে নেমে আসবে। জনগুরুত্বপূর্ণ ও সময়বদ্ধ পত্রসমূহ গ্রহণ ও প্রেরণ শাখা হতে পত্রের ছায়ালিপি/স্ক্যান কপি স্ব স্ব শাখায় প্রেরণের ফলে প্রসেস একধাপ কমে যাবে।

৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(আবুল খায়ের মোঃ আমিনুর রহমান)
অতিরিক্ত সচিব
ফোন- ৪৭১২০৩১১


কার্যার্থে বিতরণঃ(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চেয়ারম্যান, বাংলাদেশ জ্বালানি ও বিদ্যুৎ গবেষণা কাউন্সিল, ঢাকা।
- ০২। অতিরিক্ত সচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০৩। চেয়ারম্যান, টেকসই ও নবায়নযোগ্য জ্বালানি উন্নয়ন কর্তৃপক্ষ, ঢাকা।
- ০৪। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা।
- ০৫। চেয়ারম্যান, বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, ঢাকা।
- ০৬। মহাপরিচালক, পাওয়ার সেল।
- ০৭। যুগ্মসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ।
- ০৮। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ডেসকো/পিজিসিবি/নেসকো/আরপিসিএল/ওজোপাড়িকো/এপিএসসিএল/নওপাজেকো/ইজিসিবি/সিপিজিসিবিএল/বি- আর পাওয়ারজেন, ঢাকা/খুলনা/ব্রাহ্মণবাড়িয়া/রাজশাহী।
- ০৯। উপসচিব (সকল), বিদ্যুৎ বিভাগ

অনুলিপিঃ

- ০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ

সকল ডাক সংশ্লিষ্ট শাখায় প্রেরণের প্রসেস
ম্যাপ



মোট সময়ঃ ৩ দিন
বর্তমান ধাপঃ ৩ টি
আর্থিক সংশ্লেষ নেই

জনগুরুত্বপূর্ণ ও সময়বান্ধব ডাক সংশ্লিষ্ট শাখায়
প্রেরণের প্রসেস ম্যাপ

